

ইস্যু নং ৩১১৮  
ডায়াল, কোর্টফি ও  
তক নগদায়িত।

১৮৬০ সালের সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট মোতাবেক নিবন্ধিত  
(১৮৬০ সনের আইনের ২১ নং ধারা)

সংঘ স্মারক

ও

গঠনতন্ত্র

POLLI KHUDRO KRISHI UNNAYAN FOUNDATION

(পল্লী ক্ষুদ্র কৃষি উন্নয়ন ফাউন্ডেশন)



ঢাকা  
অবিকল নকল বিনীত  
প্রত্যয়ন করা হইল

(স্বাক্ষর) কৃষ্ণা পাল  
সহকারী রেজিস্ট্রার  
রেজিস্ট্রারের পক্ষে  
লেখক ও পাঠক

01 JAN 2026

১৮৬০ সালের সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট মোতাবেক নিবন্ধিত  
(১৮৬০ সনের আইনের ২১ নং ধারা)

## POLLI KHUDRO KRISHI UNNAYAN FOUNDATION

# (পল্লী ক্ষুদ্র কৃষি উন্নয়ন ফাউন্ডেশন)

এর  
সংঘ স্মারক

- এই ফাউন্ডেশনের নামঃ POLLI KHUDRO KRISHI UNNAYAN FOUNDATION  
(পল্লী ক্ষুদ্র কৃষি উন্নয়ন ফাউন্ডেশন)
- ফাউন্ডেশনের রেজিস্টার্ড কার্যালয়ঃ কালিয়াকৈর পৌরসভা, ১নং ওয়ার্ড, হোল্ডিং নং-ডি-৭১, কালিয়াকৈর, গাজীপুর। নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে ফাউন্ডেশনের ব্রাঞ্চ অফিস, প্রজেক্ট অফিস ও লিয়াজোঁ অফিস খোলা যাবে এবং হেড অফিস বা অন্যান্য অফিসের ঠিকানা প্রয়োজনে স্থানান্তর করা যাবে।
- কার্যক্রমের আওতাভুক্ত এলাকাঃ সমগ্র বাংলাদেশ।
- প্রকৃতিঃ এই ফাউন্ডেশন একটি অরাজনৈতিক প্রতিষ্ঠান হবে। ফাউন্ডেশনের যাবতীয় আয় এবং সম্পদ ফাউন্ডেশনের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে ব্যয় করা হবে। এর কোন মুনাফা বা সম্পদ কোনভাবেই ফাউন্ডেশনের কোন সদস্যকে প্রদান কিংবা হস্তান্তর করা যাবে না।
- ফাউন্ডেশনের লক্ষ্য ও উদ্দেশ্যঃ সমাজের দরিদ্র, নিরীহ ও অসহায় মানুষের সাহায্য-সহযোগিতা ও কল্যাণ সাধন করা, বিশেষ ভাবে (নিম্নে বর্ণিত সকল উদ্দেশ্য বাস্তবায়নের পূর্বে সরকার/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করা হবে) -
  - কৃষি বীজ সংরক্ষণ ও বিনা মূল্যে দরিদ্র কৃষকের মাঝে বৃত্তরন ও কৃষি গবেষণা ও আধুনিক বৈজ্ঞানিক পদ্ধতিতে কৃষি উন্নয়নের জন্য কৃষি কলেজ ইন্সটিটিউট গবেষণালব্ধ যাবতীয় কার্যক্রম পরিচালনা করা। দরিদ্র মানুষের মধ্যে যে কোন জনহিতকর বা দাতব্য কার্যক্রম পরিচালনা করা।
  - স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করে সাহিত্য, কলা ও বিজ্ঞান সম্পর্কিত শিক্ষার কার্যক্রম গ্রহণ করা। অবহেলিত দারিদ্রপীড়িত মানুষের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ কার্যক্রম গ্রহণ করা।
  - অশিক্ষিত ও অর্ধশিক্ষিত মানবগোষ্ঠীকে উন্নত পদ্ধতিতে শিক্ষামূলক কার্যক্রম গ্রহণের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে প্রশিক্ষণের ব্যবস্থা নেওয়া/গ্রহণ করা।
  - জনসাধারণকে/দারিদ্র জনগোষ্ঠীকে/মানব সমাজকে উপযোগীতামূলক/ তাদের জনহিতকর কার্যক্রম সম্পর্কে অবহিত করা।
  - সাধারণ মানুষের (অশিক্ষিত ও অর্ধশিক্ষিত) মধ্যে পাঠাগার/পাঠকক্ষ প্রতিষ্ঠা করে পাঠাভ্যাস গড়ে তোলার ব্যাপারে সচেতন করা। চারু কলা শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করে চিত্রশিল্প প্রতিযোগিতার ব্যবস্থা গ্রহণ করা।

ঢাকা  
অবিকুল নকল বলিয়া  
প্রত্যয়ন করা হইল  
(অবিকুল নকল পাল)  
সহকারী রেজিস্ট্রার  
রেজিস্ট্রারের পক্ষ  
লেখক ও পক্ষ  
01 JAN 2026

জনসাধারণের মধ্যে সাহিত্য বিষয়ক কার্যক্রম প্রচার করা।

৬। দুঃপ্রাপ্য/পুরাতন পান্ডুলিপি/দেশের মধ্যে হারিয়ে যাওয়া লোকগীতসহ পুঁথি সংগ্রহ করে তা প্রকাশ করা। প্রদর্শনশালা/জাদুঘর/ভ্রাম্যমাণ জাদুঘরের মাধ্যমে শিল্পকলা/চিত্রকর্ম প্রদর্শন করা।

ভাস্কর্য/চিত্রকর্ম সংগ্রহ ও ভ্রাম্যমাণ জাদুঘরের মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করা। প্রত্নতাত্ত্বিক ও ঐতিহাসিক নির্দর্শন সম্পর্কে প্রচার বা শিক্ষামূলক গবেষণা কার্যক্রম গ্রহণ করা।

৭। যান্ত্রিক ও বৈজ্ঞানিক নকশা সংগ্রহ ও সংরক্ষণ করে উহার উপকারিতা সম্পর্কে প্রচার চালানো ব্যবস্থা করা। ইসলামিক শিক্ষার মান উৎকর্ষ সাধনের নিমিত্তে মসজিদ/মাদ্রাসা প্রতিষ্ঠা করে গরীব আলেম ও ওলামাদের মধ্যে বিনামূল্যে বই সরবরাহ করা।

৬। **ফাউন্ডেশনের ক্ষমতাঃ**

ফাউন্ডেশন তার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য সরকার, প্রতিষ্ঠান, ফাউন্ডেশন, সংগঠন, ব্যাংকিং প্রতিষ্ঠান, ব্যক্তি বা সংস্থা হতে চাঁদা, দান, অনুদান, আর্থিক সাহায্য ও ঋণ গ্রহণ এবং যে কোন প্রকার স্থাবর-অস্থাবর সম্পত্তি নিঃশর্তে বা দাতা কর্তৃক আরোপিত গ্রহণযোগ্য শর্তে গ্রহণ করতে পারবে। তবে বৈদেশিক সাহায্য গ্রহণের ক্ষেত্রে Foreign Donation Act. 1978 মেনে চলবে।

৭। **ফাউন্ডেশনের আয়ঃ**

ফাউন্ডেশনের আয় এর উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ব্যয় করা হবে। এর আয় সদস্যদের মধ্যে লাভ বা বোনাস, বেতন-ভাতা, সম্মানী, পকেটমানি বা অন্য কোন আকারে বন্টন করা যাবে না।

৮। **অবসায়নঃ**

কোন কারনবশতঃ অত্র ফাউন্ডেশনের বিলুপ্তি ঘটলে কিংবা ঘটীর কোন সম্ভাবনা দেখা দিলে এর স্থাবর-অস্থাবর সম্পত্তি ও রেকর্ডপত্র যেকোন সমাজ কল্যাণমূলক সংস্থার নিকট দান ও হস্তান্তর করা যাবে। তবে এই মর্মে ফাউন্ডেশন সাধারণ সভার আহবান করে ৩/৫ (তিন পঞ্চমাংশ) সদস্যের সিদ্ধান্তক্রমে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট সদয় অনুমোদনের জন্য পাঠাতে হবে। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেলে তাহা হস্তান্তর যোগ্য হবে।



ঢাকা  
অবিকল মুকল বসিয়া  
প্রদায়ন করা হইল

(অনন্ত কুমার পাল)  
সহকারী রেজিস্ট্রার  
রেজিস্ট্রারের পক্ষে  
লেখক ও পাঠক

01 JAN 2026